দৈনিক সংবাদ

তারিখ 12 AUG 1998
পৃষ্ঠা ২ কলাম ৫

ঢাকা বিশ্ববিদ্যালয়

# শিক্ষক সমিতির নিন্দা প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির সাফাই

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আ, ফ, ম ইউসুফ হায়দার ও সাধারণ সম্পাদক অধ্যাপক মোঃ হোসেন মনসুর গতকাল মঙ্গলবার এক যুক্ত বিবৃতিতে বঙ্গবন্ধু হলে প্রভোস্টের উপর হামলা ও হুমকির ঘটনার নিন্দা জানিয়েছেন। তারা তদন্তসাপেক্ষে দোষী ব্যক্তির শাস্তি দাবি করেন।

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির এক সভায় বলা হয়, পত্রপত্রিকায় বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাস সম্পর্কিত যে সংবাদ প্রকাশিত হয়েছে তা বাস্তবভিত্তিক নয়।

নিন্দা ঃ পৃঃ ১১ কঃ ৩

## নিন্দা ঃ শিক্ষক সমিতির

( ১ম পৃষ্ঠার পর )

গতকাল মঙ্গলবার অপরাহ্নে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির এ সভা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ, কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় বিভিন্ন হলের বর্তমান অবস্থা এবং গত কয়েকদিনে বিভিন্ন পত্রপত্রিকায় বহিরাগত ক্যাডারদের দ্বারা হলের নিয়ন্ত্রণ, বাকিতে/ফাও খাওয়া, সিট বন্টনে ক্যাডারদের নিয়ন্ত্রণ ইত্যাদি মর্মে প্রকাশিত প্রতিবেদনসমূহ পর্যালোচনা করা হয়। সভায় হল প্রভোস্টগণ উল্লেখ করেন যে কোন কোন ক্ষেত্রে কারো কারো দ্বারা বিশৃংখলা বা সমস্যার সৃষ্টি হলেও বিভিন্ন ঘটনাকে যেভাবে প্রকাশ করা হয়েছে তা ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রকৃত চিত্র নয়। প্রভোস্টগণ মনে করেন উক্ত প্রতিবেদনগুলো অনেকাংশেই বাস্তবভিত্তিক নয়।

সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, আবাসিক হলসমূহের প্রভোস্টগণ স্ব স্ব হলের সার্বিক অবস্থা পর্যবেক্ষণ এবং মূল্যায়ন করে তা ২/১ দিনের মধ্যে উপাচার্য মহোদয়কে অবহিত করবেন। হল প্রশাসন প্রতিদিন আবাসিক শিক্ষকদের সাথে নিয়ে হল পরিদর্শনের ব্যবস্থা আরো জোরদার করবেন এবং কোন সমস্যা চিহ্নিত হলে তাৎক্ষণিকভাবে তা সমাধানের ব্যবস্থা গ্রহণ করবেন।